

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

০৬ এপ্রিল'২০২৪খ্রি.

### হাজারো অসহায়ের মাঝে ইফতার ও ঈদ সামগ্রী বিতরণ করলেন মেয়র

জোহরা কাশেম ফাউন্ডেশনের চেয়ারম্যান বিশিষ্ট সমাজ সেবক সাইফুল করিম চৌধুরীর উদ্যোগে ৬০০ সুবিধাবঞ্চিতের মাঝে ইফতার বিতরণ করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মোঃ রেজাউল করিম চৌধুরী। এছাড়া বাংলাদেশ আওয়ামী যুবলীগ চট্টগ্রাম মহানগরের সহ-সভাপতি দেবানীষ পাল দেবুর উদ্যোগে চারশ জনসাধারণের মাঝে ঈদ উপহার সামগ্রী বিতরণ করেন মেয়র। শুক্রবার নগরীর মিছকিন শাহ দরগা প্রাঙ্গণে এবং নগরীর সদর ঘাট রোডস্থ হল সেভেন্টি ওয়ান কমিউনিটি সেন্টারে সুবিধাবঞ্চিতদের মাঝে মেয়র এই উপহার বিতরণ করেন। জোহরা কাশেম ফাউন্ডেশনের চেয়ারম্যান বিশিষ্ট সমাজ সেবক সাইফুল করিম চৌধুরীর মহৎ এই উদ্যোগ সম্পর্কে মেয়র বলেন, পবিত্র রমজান মাসে অসহায় দুঃস্থ মানুষদের সামর্থ্য অনুযায়ী সহায়তা করা নিঃসন্দেহে প্রশংসার দাবিদার। সাইফুলের মত সমাজের বিত্তবানরা এগিয়ে আসলে সুবিধাবঞ্চিত এসব মানুষের জীবন সহজ হবে। করোনাকালীন সময়েও সাইফুল দিন-রাত মানুষের বাড়িতে বাড়িতে খাবার, অক্সিজেন পৌঁছে দেয়াসহ অনেক মানবিক কাজ করেছে। জনমানুষের কল্যাণে তার এই কাজ অব্যাহত থাকুক এটাই আমার প্রত্যাশা। চট্টগ্রাম মহানগরের সহ-সভাপতি দেবানীষ পাল দেবুর আয়োজনে মেয়র বলেন, রাষ্ট্রনায়ক শেখ হাসিনার নেতৃত্বে স্মার্ট বাংলাদেশ গড়তে বাংলাদেশ আওয়ামী যুবলীগ ভ্যানগার্ড হিসেবে কাজ করে যাচ্ছে। শেখ হাসিনা গরীব ও অসহায় মানুষের জন্য কাজ করেন। তারই নির্দেশে যুবলীগ চেয়ারম্যান শেখ ফজলে শামস পরশ ও সাধারণ সম্পাদক মাইনুল হাসান নিখিলের নেতৃত্বে সারাদেশে মানবিক যুবলীগ গরীব ও অসহায় নিঃসন্দেহে আয়ের মানুষের মাঝে পুরা রমজান মাসে খাদ্য সামগ্রী ও ঈদ উপহার বিতরণ করছে।

মেয়রকে ধন্যবাদ জানিয়ে সমাজসেবক সাইফুল করিম চৌধুরী বলেন, অসহায় ও সুবিধা বঞ্চিত মানুষের পাশে আমি আগেও ছিলাম, এখনো আছি, ভবিষ্যতেও থাকবো। মেয়রের অনুপ্রেরণা আমাকে এধরনের সমাজসেবামূলক কাজ অব্যাহত রাখতে উৎসাহিত করবে। অনুষ্ঠান দুটিতে উপস্থিত ছিলেন মহানগর আওয়ামী লীগের বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক মোঃ মশিউর রহমান চৌধুরী, চট্টগ্রাম মহানগর আওয়ামী যুবলীগের সভাপতি মাহবুবুল হক সুমন, চট্টগ্রাম মহানগর যুবলীগ সাধারণ সম্পাদক দিদারুল আলম, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ সালাউদ্দিন, ৩১নং আলকরণ ওয়ার্ডের কাউন্সিলর আব্দুস সালাম মাসুম, নগর যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক সাইফুদ্দিন আহমেদ, সাংগঠনিক সম্পাদক মহিউদ্দিন রনি, সুমন চৌধুরী, যুবলীগ নেতা মারুফ আহমেদ সিদ্দিক, আলকরণ ওয়ার্ড যুবলীগের আহবায়ক শাহনেওয়াজ রাজিব, যুগ্ম আহবায়ক রিমন চক্রবর্তী, হাসান তারেক, চৌধুরী ইকবাল, হোসেন আমির রিমন, শাহীন আহমেদ, মনিকা ভট্টাচার্য, আজাদ, জাহেদ, মাহামুদুর রহমান বাপ্পী,তানভীর বিন হাসান, জিতকর বাবু, সুমন গুহ, মোঃ আকবর, আরিফুল হক ফরহাদ, রবিউল হোসেন, আরজু, আল আমিন, শাহেদুর রহমান খান, মোঃ আরমান, শহীদুল্লাহ শহীদ, মাকসুদুর রহমান, আব্দুর রহিম, হুদয় কুমার দাশ, রাশেদুল আলম ইমু, আকবর জুয়েল, সৈয়দ সুলতান ফাহিম, আবিদ হাসান, হারুনুর রশিদ সামিউল, সৌরেন বড়ুয়া রিও, বিনয় কুমার দে, পলাশ চক্রবর্তী, মামুন হোসেন আবিদ, রুবি আক্তার, সজীব কান্তি দাশ, জাহিদ হাসান, মাহমুদুল হাসান রাসেল প্রমুখ।

### দেশকে এগিয়ে নিতে সাম্প্রদায়িকতা রুখতে হবে: মেয়র রেজাউল

দেশকে এগিয়ে নিতে স্থিতিশীল অর্থনীতি নির্মাণে সাম্প্রদায়িকতা রুখতে হবে বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

শনিবার রাণী রাসমনি বারুণী স্নানঘাটে মহাতীর্থ বারুণী স্নান উৎসব ও মেলায় প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, বাংলাদেশে সব ধর্মের মানুষ তার ধর্ম পালনে পূর্ণ স্বাধীনতা ভোগ করছে। বঙ্গবন্ধু বাংলাদেশের প্রথম সংবিধানে অসাম্প্রদায়িকতাকে রাষ্ট্রের মূলনীতি হিসেবে প্রতিষ্ঠার সুফল পাচ্ছি আমরা। তবে স্বাধীনতাবিরোধী শক্তি দেশের এই সম্প্রীতির পরিবেশ নষ্ট করতে তৎপর। দেশকে এগিয়ে নিতে স্থিতিশীল অর্থনীতি নির্মাণে সাম্প্রদায়িকতা রুখতে হবে, গড়তে হবে স্মার্ট বা ংলাদেশ। আমাদের সবাইকে মিলে এই অসুর শক্তিকে দমন করে অসাম্প্রদায়িক বাংলাদেশ রক্ষার সংগ্রামে शामिल হতে হবে। উৎসবে আরো উপস্থিত ছিলেন মহানগর আওয়ামীলীগ নেতা ফরিদ মাহামুদ, ১১নং দক্ষিণ কাউন্সিল ওয়ার্ড কাউন্সিলর মো. ইসমাইল, চট্টগ্রাম মহানগর স্বেচ্ছাসেবক লীগের সভাপতি দেবানীষ নাথ দেবু, বাবু অলক নাথ চৌধুরী, নেহার আহমেদ, সুকান্ত

ধর, বারু সদানন্দ ভট্টাচার্য, বাবুল কান্তি নাথ, অলোক কুমার দাশ, দেবশীষ চৌধুরী পিকলু, অজিত নাথ, টিটু কান্তি চৌধুরী, বাবলু দেবনাথ, জুয়েল নাথ, সমর কান্তি দাশ, প্রীতম মজুমদার, সুজন, সর্ববিদ্যা, নান্দু দেবনাথ।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮